



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ১৪ জানুয়ারী ২০২১

শোকবার্তা



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) ঢাকা ইউনিটের প্রতিষ্ঠাকালীন সমন্বয়কারী ও উপদেষ্টা, ঢাকা জেলার সম্মানিত পাবলিক প্রসিকিউটর, ঢাকা আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক, বৃহত্তর ঢাকা আইনজীবী কল্যাণ সমিতির সম্মানিত সভাপতি এবং বীর মুক্তিযোদ্ধা খোন্দকার আব্দুল মান্নান গত ১৩ জানুয়ারী ২০২১ তারিখ ঢাকার একটি বেসরকারি হাসপাতালে করোনাজনিত পরবর্তী জটিলতায় চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন।

তিনি একজন প্রথিতযশা আইনজীবী ছিলেন। ব্লাস্ট এর প্রতিষ্ঠালগ্ন থেকে ঢাকা ইউনিটের সমন্বয়কারী হিসেবে তিনি দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছিলেন। ব্লাস্টের বিনামূল্যে আইনি সহায়তা কার্যক্রমে তাঁর গুরুত্বপূর্ণ অবদান শ্রদ্ধাভরে স্মরণ করি। তিনি সব সময় ন্যায্যনিষ্ঠ থেকে আইন পেশায় নিয়োজিত ছিলেন, যা অনুসরণীয় হয়ে থাকবে।

তাঁর মৃত্যুতে ব্লাস্টের পরিবার গভীরভাবে শোকাহত। ১৯৯৪ সাল থেকে আমৃত্যু তিনি ব্লাস্টের কাজে নিবেদিত ছিলেন। তাঁর মৃত্যুতে ব্লাস্টের এক অপূরণীয় ক্ষতি ও শূণ্যস্থান তৈরি হলো। তাঁর অবদান আমরা কৃতজ্ঞতার সাথে স্মরণ করবো।

ব্লাস্ট পরিবার এর পক্ষ থেকে আমরা তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছি এবং তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছি।

গভীর সমবেদনায়,

ব্লাস্ট পরিবারের পক্ষ থেকে

সারা হোসেন

অবৈতনিক নির্বাহী পরিচালক